# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

## 1st Term Examination

**Sub:** BENGALI TEXT **Class:** 5A/5C **F. M.** 90

**Duration:** 2 HRS 30 MINS **Date:** 17.04.2018

### বিভাগ – ক

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ (বাক্যটি লিখবে) (১x৫=৫)

(১) "তোর দুয়ারে রথের চিহ্ন কই?" কথাটি বলেছে –
(ক) রাজা (খ) মন্ত্রী (গ) সর্দার

(২) সত্য না মিথ্যা তা লেখো ঃ-
গতবারের অভিনয়ে দাশু রাজা সেজেছিল

(৩) সঠিক উত্তরটির মাথায় (✓)চিহ্ন দাও ঃ-
হারিয়ে গেছে মাথার উপর গাছের (শুকনো/কচি/সবুজ) পাতা।

(৪) 'স্বাধীনতা' কবিতাটি লিখেছেন —
(ক) রবীন্দ্রনাথ (খ) রঙ্গলাল (গ) সত্যেন্দ্রনাথ

(৫) রথযাত্রা হয় কোন্ মাসে?
(ক) আশ্বিন (খ) কার্তিক (গ) আষাঢ়

২। প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ- (১x২০=২০)

(১) রানি রাজাকে কি বলেছিলেন?
(২) 'স্বাধীনতা' কবিতাটি কি জাতীয় কবিতা?
(৩) কে দাশুর পরম ভক্ত হয়ে উঠেছিল?
(৪) শূণ্যস্থান পূরণ কর ঃ- গাছগুলো সব ________ না নিয়ে।
(৫) অর্থ লেখো ঃ- 'দেশহিতে'
(৬) 'স্বাধীনতা' বলতে কি বোঝ?
(৭) দুঃখীর কাজ কি ছিল?
(৮) শূন্যস্থান পূরণ কর ঃ- তার দুয়ারে দুই পাশে দুটি ________ ফুটে আছে।
(৯) অর্থ লেখো ঃ- 'তালিম'
(১০) 'সাহস থাকিলে খোল তলোয়ার!' – কথাটা কে বলেছে?
(১১) গণশাকে কোথায় খুঁজে পাওয়া গিয়েছিল?
(১২) বাইরে গেলে ভরদুপুরে কি হয় মানুষের?
(১৩) দুঃখীর দুয়ারে দেবতা কি চড়ে আসেন?
(১৪) 'ঘোড়াশালা' কথার অর্থ কি?
(১৫) 'শৃঙ্খল' শব্দটির অর্থ কি?
(১৬) 'ভেরি' কাকে বলে?
(১৭) 'কল্প' কি?
(১৮) 'আত্মনাশ' কথার অর্থ কি?
(১৯) ________ স্বাধীনতা স্বর্গসুখ তায় হে। (শূন্যস্থান পূরণ কর)
(২০) 'কিবা চাহ পুরস্কার কহ সেনাপতি?' – কথাটা কে বলেছিল?

## বিভাগ-খ (২৫)

১) শব্দের অর্থ লেখ ও শব্দ দিয়ে বাক্য রচনা করঃ (৫ × ২ = ১০)

| | | | | |
|---|---|---|---|---|
| ১.১) সাধ্য | ১.২) সার্থক | ১.৩) দাসত্ব | ১.৪) তালিম | ১.৫) সর্দার। |

২) উৎস উল্লেখ করে সংক্ষেপে উত্তর দাওঃ (যে কোন পাঁচটি) (৫ × ৩ = ১৫)

| | |
|---|---|
| ২.১ | দেবদূতের ভূমিকায় কার অভিনয় করার কথা ছিল? শেষ পর্যন্ত কে অভিনয় করেছিল? |
| ২.২ | 'এই নাকি কলকাতা!' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? একথা বলা হয়েছে কেন? |
| ২.৩ | 'স্বাধীনতা' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? পরাধীনতা আমরা চাইনা কেন? |
| ২.৪ | 'রাজার পথ কী আমার পথ?' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? একথা কে, কাকে বলেছিল? কেন বলেছিল? |
| ২.৫ | 'সেবারে অভিনয়টা সে একেবারে মাটি করে দিয়েছিল' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? সেবারে অভিনয়টা কে মাটি করে দিয়েছিল? অভিনয়ে সে কী সেজেছিল? |
| ২.৬ | 'চল, রথ দেখতে যাই।' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? একথা কে, কাকে বলেছেন? রথযাত্রা দেখার জন্য তিনি কিভাবে প্রস্তুত হয়েছিলেন? |
| ২.৭ | কে দাশুর পরম ভক্ত হয়ে উঠল? এর কারণ কী? |

## বিভাগ-গ (৪০)

১) প্রত্যেক প্রশ্নের উৎস উল্লেখ করে যথাযথ উত্তর দাও (যে কোন ৮টি) : (৮ × ৫ = ৪০)

| | |
|---|---|
| ১.১ | ক) 'স্বাধীনতা' কবিতাটিতে কবি কিসের স্বাধীনতার কথা বলেছেন?<br>খ) পরাধীনতার চাইতে স্বাধীনতা যে কত মূল্যবান কবি কিভাবে তার পরিচয় দিয়েছেন? |
| ১.২ | 'তিনি যে আসেন পুষ্পক রথে' –<br>ক) উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে?<br>খ) কে, কাকে, কখন একথা বলেছেন?<br>গ) বক্তা কার সম্পর্কে এই কথা বলেছেন?<br>ঘ) উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষন কর। |
| ১.৩ | 'শুনে দাশু খুব খুশী হল' –<br>ক) কী শুনে দাশু খুব খুশী হল?<br>খ) সে কী ভাবে শেষ পর্যন্ত দেবদূতের ভূমিকায় অভিনয় করল?<br>গ) পাগলাদাশুকে তোমার কেমন লাগে, যুক্তিসহ আলোচনা কর। |
| ১.৪ | 'গাছ কেটনা' কবিতায় গাছ আমাদের কী ভাবে উপকার করে কবিতাটি অনুসরণ করে লেখ। |
| ১.৫ | গতবারের অভিনয়টা দাশু কী ভাবে মাটি করে দিয়েছিল? নিজের ভাষায় লেখ। |
| ১.৬ | 'গাছ কেটনা' কবিতায় গাছ কাটলে কী হয় সেই সম্পর্কে কবি কী বলেছেন? কবিতাটি পড়ে আমরা কী শিক্ষা পাই? |
| ১.৭ | 'সাজ সাজ সাজ বলে, সাজ সাজ সাজ হে, সাজ সাজ সাজ।'<br>ক) কবি কাদের উদ্দেশ্যে এই আহ্বান জানিয়েছেন?<br>খ) কবি তাদের কোন সাজে সাজতে বলেছেন?<br>গ) কেন সাজতে বলেছেন? |
| ১.৮ | 'রথযাত্রা' গল্পটির সংক্ষেপার্থ লেখ। গল্পটি পড়ে আমরা কী শিক্ষা পাই? |
| ১.৯ | স্বাধীনতা কবিতাটির উৎস ও প্রসঙ্গ কী? কবিতাটির নামকরণের সার্থকতা বিচার কর। |
| ১.১০ | 'গাছ কেটনা' কবিতাটি কার লেখা? কবিতাটি সম্পূর্ণ মুখস্থ লেখ। |

# ST. LAWRENCE HIGH SCHOOL

FOR GOD AND COUNTRY

**1st Term Examination**
**Model Answer**

**Sub:** BENGALI TEXT **Class:** 5A/5C **F. M.** 90

**Duration:** 3 HOURS **Date:** 17.04.2018

## বিভাগ - ক

১। **সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ (বাক্যটি লিখবে)** (১x৫=৫)

(১) "তোর দুয়ারে রথের চিহ্ন কই?" কথাটি বলেছে - (খ) মন্ত্রী

(২) সত্য না মিথ্যা তা লেখো ঃ-
গতবারের অভিনয়ে দাশু রাজা সেজেছিল। - মিথ্যা

(৩) সঠিক উত্তরটির মাথায় (✓)চিহ্ন দাও ঃ-
হারিয়ে গেছে মাথার উপর গাছের সবুজ (✓) পাতা।

(৪) 'স্বাধীনতা' কবিতাটি লিখেছেন — (খ) রঙ্গলাল

(৫) রথযাত্রা হয় কোন্ মাসে? (গ) আষাঢ়

২। **প্রশ্নগুলির যথাযথ উত্তর দাও ঃ-** (১x২০=২০)

(১) রথ দেখতে যাবার কথা বলেছিলেন।
(২) দেশাত্মবোধক
(৩) গণশা
(৪) দাম
(৫) দেশের মঙ্গলের জন্য
(৬) নিজের অধীনতা
(৭) রাজবাড়ির ঝাঁটার কাঠি কুড়ানো
(৮) সূর্যমুখী
(৯) ট্রেনিং বা শিক্ষা
(১০) ত্রিচূড়ের গুপ্তচর
(১১) টিফিন ঘরের পিছনে
(১২) মাথার চাঁদি ফাটে
(১৩) পুষ্পক রথ

(১৪) আস্তাবল
(১৫) শিকল
(১৬) রণবাদ্য
(১৭) ব্রহ্মার একদিন / ৪৩২ কোটি বছর
(১৮) আত্মোৎসর্গ
(১৯) দিনেকের স্বাধীনতা স্বর্গসুখ তায় হে।
(২০) রাজা

## বিভাগ-খ (২৫)

**১) শব্দের অর্থ লেখ ও শব্দ দিয়ে বাক্য রচনা করঃ**

**(৫ × ২=১০)**

| | | | | |
|---|---|---|---|---|
| ১.১) সাধ্য - ক্ষমতা | ১.২) সার্থক - সফল | ১.৩) দাসত্ব - গোলামি | ১.৪) তালিম- ট্রেনিং, অভ্যাস করা, শিক্ষা | ১.৫) সর্দার - দলপতি |

**২) উৎস উল্লেখ করে সংক্ষেপে উত্তর দাওঃ (যে কোন পাঁচটি)**

**(৫ × ৩=১৫)**

| | | |
|---|---|---|
| ২.১ | দেবদূতের ভুমিকায় কার অভিনয় করার কথা ছিল? শেষ পর্যন্ত কে অভিনয় করেছিল? | সুকুমার রায় রচিত পাগলা দাশু গল্পে দেবদূতের ভূমিকায় গণশার অভিনয় করার কথা ছিল। শেষ পর্যন্ত বুদ্ধির কৌশলে গণশার জায়গায় দাশু দেবদূতের ভূমিকায় অভিনয় করেছিল। |
| ২.২ | 'এই নাকি কলকাতা!' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? একথা বলা হয়েছে কেন? | উদ্ধৃতাংশটিকবি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর লেখা 'গাছ কেটনা' নামক কবিতা থেকে উদ্ধৃত হয়েছে। কলকাতা শহরে চারিদিকে গাছ কেটে ফেলায় বাজার, রাস্তাঘাট, ঘর-বাড়ি প্রখর রৌদ্রে জ্বলে যাচ্ছে। কোথাও কোনো গাছের ছাওয়া নেই। কবি তাই কলকাতার এই দুর্দশার কথা বলেছেন। |
| ২.৩ | 'স্বাধীনতা' কবিতাটি কবির কোন কাব্যগ্রন্থ থেকে নেওয়া হয়েছে? পরাধীনতা আমরা চাইনা কেন? | স্বাধীনতা কবিতাটি রঙ্গলাল বন্দ্যোপাধ্যায়ের লেখা 'পদ্মিনী উপাখ্যান' নামক কাব্য থেকে নেওয়া হয়েছে। পরাধীন জীবন হল ব্যার্থ জীবন। সুখ-গৌরবহীন,অমর্যাদার এই পরাধীন জীবন নরক যন্ত্রনার সমতুল্য। |
| ২.৪ | 'রাজার পথ কী আমার পথ?' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? একথা কে, কাকে বলেছিল? কেন বলেছিল? | উদ্ধৃতাংশটি রবীন্দ্রনাথ ঠাকুরের লেখা 'রথযাত্রা' নামক গল্প থেকে নেওয়া হয়েছে। দুঃখী মন্ত্রীকে একথা জানিয়েছে। ভগবান স্বয়ং তার দুয়ারে আসেন, তাই কষ্ট করে রাজার সাথে তীর্থে যাবার প্রয়োজন নেই। |
| ২.৫ | 'সেবারে অভিনয়টা সে একেবারে মাটি করে | 'পাগলা দাশু' গল্পের উৎস । পাগলা দাশু অভিনয়টা মাটি করে |

| | | |
|---|---|---|
| | দিয়েছিল' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? সেবারে অভিনয়টা কে মাটি করে দিয়েছিল? অভিনয়ে সে কী সেজেছিল? | দিয়েছিল। সে সেনাপতি সেজেছিল। |
| ২.৬ | 'চল, রথ দেখতে যাই।' – উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে? একথা কে, কাকে বলেছেন? রথযাত্রা দেখার জন্য তিনি কিভাবে প্রস্তুত হয়েছিলেন? | 'রথযাত্রা' গল্পের উৎস । রানি রাজাকে একথা বলেছেন। ঘোড়া, হাতি, ময়ুরপাখি, সিপাইসান্ত্রি, দাসদাসী নিয়ে প্রস্তুত হয়েছিলেন। |
| ২.৭ | কে দাশুর পরম ভক্ত হয়ে উঠল? এর কারণ কী? | 'পাগলা দাশু' গল্পের উৎস । ফোর্থ ক্লাসের ছেলে গনশাকে দাশুনানারকম খাবার খাওয়াত, রঙিন পেনসিল, ছবির বই দিত, আবার ফুটবল ও কিনে দেবে বলে প্রতিশ্রুতি দিয়েছিল। |

## বিভাগ-গ (৪০)

১) **প্রত্যেক প্রশ্নের উৎস উল্লেখ করে যথাযথ উত্তর দাও (যে কোন ৮টি) :**

**(৮×৫ = ৪০)**

| | | |
|---|---|---|
| ১.১ | ক) 'স্বাধীনতা' কবিতাটিতে কবি কিসের স্বাধীনতার কথা বলেছেন?<br><br>খ) পরাধীনতার চাইতে স্বাধীনতা যে কত মূল্যবান কবি কিভাবে তার পরিচয় দিয়েছেন? | 'স্বাধীনতা' কবিতার উৎস। মোঘল সৈন্যদের বিরুদ্ধে বীর রাজপুত জাতি যুদ্ধ করে মাতৃভূমির স্বাধীনতা রক্ষা করবে। পরাধীনতার চাইতে স্বাধীন জীবনের মর্যাদা ও গৌরব অতুলনীয়। কবির মতে একদিনের স্বাধীনতা স্বর্গের সুখের মতো। |
| ১.২ | 'তিনি যে আসেন পুষ্পক রথে' –<br>ক) উদ্ধৃতাংশটি কোথা থেকে নেওয়া হয়েছে?<br>খ) কে, কাকে, কখন একথা বলেছেন?<br>গ) বক্তা কার সম্পর্কে এই কথা বলেছেন?<br>ঘ) উদ্ধৃতাংশটির তাৎপর্য বিশ্লেষন কর। | (ক) 'রথযাত্রা' গল্পের উৎস ।<br><br>(খ) গল্পে দুঃখী রাজার মন্ত্রীকে একথা বলেছে ; যখন মন্ত্রী তাকে রাজার সাথে তীর্থযাত্রায় যেতে বলেছিল।<br><br>(গ) দুঃখী ভগবানের সম্পর্কে একথা বলেছে।<br><br>(ঘ) দুঃখী দ্বারের পাশে ফুটে থাকা দুইটি সূর্যমুখী ফুল দেখিয়ে জানাল যে ভগবান সেই ফুলের রথে তার কাছে আসেন। প্রকৃতির মধ্যেই ঈশ্বর আছেন। |
| ১.৩ | 'শুনে দাশু খুব খুশী হল' –<br><br>ক) কী শুনে দাশু খুব খুশী হল?<br>খ) সে কী ভাবে শেষ পর্যন্ত দেবদূতের ভূমিকায় অভিনয় করল?<br>গ) পাগলাদাশুকে তোমার কেমন লাগে, যুক্তিসহ আলোচনা কর। | 'পাগলা দাশু' গল্পের উৎস ।<br><br>ক) দাশুকেই দেবদূত সাজতে দেওয়া হোক এই কথা শুনে দাশু খুশী হল।<br><br>খ) দাশু গণশাকে ফুটবল কিনে দেবার লোভ দেখিয়ে অভিনয় না করতে রাজী করিয়েছিল। |

| | | |
|---|---|---|
| | | গ) পাগলা দাশুকে আমাদের ভালো লাগে তার কারণ সে তার বুদ্ধির কৌশলে সকলকে আনন্দও দিত আর বোকাও বানাতো। সে পাগল ছিলনা, পাগলামির ভাণ করত। |
| ১.৪ | 'গাছ কেটনা' কবিতায় গাছ আমাদের কী ভাবে উপকার করে কবিতাটি অনুসরণ করে লেখ। | 'গাছ কেটনা' কবিতার উৎস ।  গাছ তার সবুজ পাতার ছায়া, ফুল, ফল, বৃষ্টি দিয়ে জগৎ সংসারকে প্রাণবায়ু (অক্সিজেন) দিয়ে বাঁচিয়ে রাখে। |
| ১.৫ | গতবারের অভিনয়টা দাশু কী ভাবে মাটি করে দিয়েছিল? নিজের ভাষায় লেখ। | 'পাগলা দাশু' গল্পের উৎস । গতবার অভিনয়ে দাশু সেনাপতি সেজেছিল ত্রিচুরের গুপ্তচরকে দ্বন্দ্বযুদ্ধে আহ্বান করে তলোয়ার খুলতে না পারা – নিজের পার্ট ভুলে যাওয়া –অভিনয়কে পন্ড করাই ছিল তার আসল মজা। |
| ১.৬ | 'গাছ কেটনা' কবিতায় গাছ কাটলে কী হয় সেই সম্পর্কে কবি কী বলেছেন? কবিতাটি পড়ে আমরা কী শিক্ষা পাই? | 'গাছ কেটনা' কবিতার উৎস – গাছ কাটলে ভরদুপুরে বাইরে গেলে শরীর পুড়ে যায় – মাথার চাঁদি ফাটে, গা-গঞ্জ শুকনো মরুভূমিতে পরিণত হয়। বাজার রাস্তা ও ঘর সব রোদের তাপে জ্বলতে থাকে। আমরা প্রকৃতিকে রক্ষা করলে প্রকৃতি আমাদের রক্ষা করবে। |
| ১.৭ | 'সাজ সাজ সাজ বলে, সাজ সাজ সাজ হে, সাজ সাজ সাজ।'<br>ক) কবি কাদের উদ্দেশ্যে এই আহ্বান জানিয়েছেন?<br>খ) কবি তাদের কোন সাজে সাজতে বলেছেন?<br>গ) কেন সাজতে বলেছেন? | 'স্বাধীনতা' কবিতার উৎস।<br>ক) বীর ও সাহসী রাজপুত সৈন্যদের উদ্‌বুদ্ধ করার উদ্দ্যেশ্যে কবির এই আহ্বান।<br>খ) রণসাজে সাজতে বলেছেন।<br>গ) দেশের স্বাধীনতা অক্ষুন্ন রাখার জন্য সবাইকে প্রস্তুত থাকতে হবে। যে স্বদেশের স্বাধীনতার জন্য জীবন উৎসর্গ করতে পারে তার জীবন সার্থক। |
| ১.৮ | 'রথযাত্রা' গল্পটির সংক্ষেপার্থ লেখ। গল্পটি পড়ে আমরা কী শিক্ষা পাই? | 'রথযাত্রা' গল্পটির উৎস – রাজা সকলকে নিয়ে রথ দেখতে চলেছেন – রাজা মন্ত্রীকে দিয়ে দুঃখীকে তার সাথে যেতে বললেন – দুঃখী মন্ত্রীকে জানায় সে যেতে অনিচ্ছুক কারণ পুষ্পক রথে করে ভগবান স্বয়ং তার দুয়ারে আসেন –গল্পটি পড়ে আমরা এই শিক্ষাপাই যে প্রকৃতির শোভার মধ্যেই ভগবান আছেন জেনে যারা ধন্য হয়, তারা বাহ্য আড়ম্বর করে তীর্থযাত্রায় যাবার কোন ইচ্ছাই প্রকাশ করে না। |
| ১.৯ | 'স্বাধীনতা' কবিতাটির উৎস ও প্রসঙ্গ কী? কবিতাটির নামকরণের সার্থকতা বিচার কর। | 'স্বাধীনতা' কবিতার উৎস – মোঘল সৈন্যদের বিরুদ্ধে বীর রাজপুত সৈন্যদের যুদ্ধে উদ্‌বুদ্ধ করার জন্য রানা ভীমসিংহের কণ্ঠে উদাত্ত আহ্বান বানী 'পদ্মিনীর উপাখ্যান' এ আছে– তাই 'স্বাধীনতা' নাম দিয়ে কবিতারূপে প্রকাশিত। |

| | | |
|---|---|---|
| | | 'স্বাধীনতা' কবিতায় কবি পরাধীন জীবনের যন্ত্রনা ও অসম্মানের কথা উল্লেখ করেছেন – স্বাধীনতার মূল্য ও মর্যাদা সমগ্র কবিতাটির বিষয় হওয়ায় কবিতাটির নামকরণ যথাযথ ও সার্থক হয়েছে। |
| ১.১০ | 'গাছ কেটনা' কবিতাটি কার লেখা? সম্পূর্ণ মুখস্থ লেখ। | 'গাছ কেটনা'কবিতাটি নীরেন্দ্রনাথ চক্রবর্তীর লেখা। বই পড়ে সম্পূর্ণ মুখস্থ লিখবে। |